# হজের সাথে সংশ্লিষ্ট আকীদাগত ভুল-ভ্রান্তিসমূহ

বিভাগ/অধ্যায়ঃ প্রথম ভাগ - মক্কায় পৌঁছার পূর্বে আকীদাগত ভুল-ভ্রান্তিসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

চতুর্থ অধ্যায় - শির্ক মিশ্রিত অযীফা নিয়ে কোনো কোনো হজ পালনকারীর আগমন

সহীহ আকীদা-বিশ্বাসের ঘোর বিরোধী অন্যতম একটি কাজ হলো কিছু সংখ্যক হাজী সাহেব কর্তৃক আল্লাহ তা'আলার একত্ববাদের ঘোষণা দেওয়ার জন্য 'মক্কা'-য় আগমন করে এমতাবস্থায় যে, তারা তাঁর সাথে অন্য কাউকে শরীক করে, ফলে আমরা তাদের মধ্যে এমন ব্যক্তিকে দেখতে পাই, যিনি হজ করার জন্য আসেন বিশেষ কতগুলো (বানানো) দো'আ নিয়ে, যা লেখা থাকে কতগুলো পাতার উপর, যা তারা অধিক হারে ব্যবহার করে, তার মধ্যে রয়েছে আল্লাহ ছাড়া অন্যের কাছে সাহায্য প্রার্থনা, আবেদন ও নিবেদন। যেমন, তাদের কেউ কেউ দো'আ করে আলী রাদিয়াল্লাহু 'আনহুর নিকট, অথবা হাসান রাদিয়াল্লাহু 'আনহুর নিকট অথবা শি'আদের বারো ইমামের নিকট।[1]
আর এসব গ্রন্থে আল্লাহ ব্যতীত অন্যের কাছে যেসব দো'আ ও সাহায্য প্রার্থনা করা হয়, তার বর্ণনা খুব শীঘ্রই সামনের অধ্যায়ে আসছে এবং সেখানে তাদের যুক্তিও খণ্ডন করা হয়েছে।

>

## ফুটনোট

[1] দেখুন: 'আব্বাস আল-কুম্মী'র 'মাফাতীহুল জিনান', আর তা এমন এক তথ্যভাণ্ডার, যাতে শি'য়াদের দো'আ ও যিকির রয়েছে এবং যা ভরপুর শির্ক মিশ্রিত দো'আ ও ফরীয়াদ দ্বারা; 'মাযাহেরুল ইনহিরাফাত আল-'আকদিয়্যা 'ইন্দাস সূফিয়্যা': (২/৭২৯-৭৫২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9651

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন